

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.৩৪৯.১৫.২৬

তারিখ: ০৯/০১/২০২২ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদন সংক্রান্ত।

সূত্রঃ উপপরিচালক, বিআরডিবি, মেহেরপুর এর স্মারক নং- ৪৭.৬২.৫৭০০.৮৫৭.০২.০৭৩.২১.০৬, তারিখ- ০৩/০১/২০২২ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র কর্মসূচীর আওতায় মেহেরপুর জেলার সদর উপজেলাধীন বামনপাড়া বাজার পাড়া মহিলা সমিতির সদস্য জনাব মোছা: শজিরন খাতুন, আইডি নং-৪০৪৭৮৭-২১-১৯, স্বামী: জনাব মো: ঝন্টু, “এ্যালুমিনিয়াম” আইজিএ ভিত্তিক ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের একটি প্রকল্প প্রস্তাব দাখিল করেছেন। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সদর, মেহেরপুর সরেজমিনে পরিদর্শনপূর্বক ১,৭০,০০০/- (এক লক্ষ সত্তর হাজার) টাকার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদনের সুপারিশ এবং উপপরিচালক, বিআরডিবি, মেহেরপুর কর্তৃক প্রস্তাবটি অনুমোদনের সুপারিশের প্রেক্ষিতে বর্ণিত প্রকল্প প্রস্তাবের সার্বিক বিষয় বিবেচনা করে নিম্নোক্ত শর্তে ১,৭০,০০০/- (এক লক্ষ সত্তর হাজার) টাকা’র ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হল।

শর্তসমূহঃ

- প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের অবশিষ্ট অংশ উদ্যোক্তা সদস্য নিজস্ব তহবিল হতে অর্থায়ন করবেন;
- চাহিত ঋণের ন্যূনতম সমপরিমাণ মূল্যের স্থাবর সম্পত্তির দলিল মরগেজ হিসেবে দাখিল করতে হবে (সাব-রেজিস্ট্রি অফিসের মাধ্যমে মরগেজ করতে হবে); যদি ঋণ গ্রহীতার স্থায়ী সম্পদ না থাকে তাহলে তাঁর বৈধ বা আইনগত অভিভাবক (স্বামী/পিতা) বা গ্যারান্টর এর সম্পদ মরগেজ রাখতে হবে ;
- ঋণের বিপরীতে ৩টি পোস্ট ডেটেড চেক (Post dated cheque) IRESPPW (LOAN FUND), BRDB শিরোনামে Account Payee সীল দিয়ে গ্রহণ করতে হবে এবং স্মারক নং- ৯২৯, তারিখ: ০৩.১০.২০২১ খ্রিঃ মূলে জারীকৃত নমুনা চুক্তিপত্র অনুযায়ী ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে;
- উপরিচালক, বিআরডিবি, মেহেরপুর বর্ণিত ঋণ আদায় কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণসহ তদারকি করবেন ;
- অনুমোদনকৃত ঋণের ন্যূনতম ১৫% সঞ্চয় জমা থাকতে হবে;
- সাপ্তাহিক কিস্তিতে ঋণ আদায় নিশ্চিত করতে হবে;
- মঞ্জুরীকৃত ঋণ সদস্যের নামে ক্রস চেকের মাধ্যমে ডিসি/ডিডি/ইউএনও/গণ্যমান্য ব্যক্তির উপস্থিতিতে বিতরণপূর্বক ছবি সংরক্ষণ ও প্রেরণ করতে হবে;
- অনুমোদিত ঋণ প্রস্তাবিত প্রকল্পে বিনিয়োগের পর পরবর্তীতে পরিদর্শনপূর্বক পকল্লের ছবি প্রেরণ করতে হবে;
- অনুমোদিত ঋণের পরিমানের আলোকে তমসুক, একরারনামা ও ডিপি নোট (সদস্য ও সমিতি ওয়ারী) ইত্যাদি হালনাগাদ করতে হবে;
- ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ নীতিমালার ব্যত্যয় হলে বা সংযুক্ত দলিল পত্র/তথ্য ভবিষ্যতে ভুল প্রমানিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪


উপপরিচালক
বিআরডিবি, মেহেরপুর।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.৩৪৯.১৫.২৬

তারিখ: ০৯/০১/২০২২ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সদর, মেহেরপুর।
- পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), সদর, মেহেরপুর।
- অফিস নথি/গার্ডফাইল।


মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক